64

তারিখ ...31 AUG 1989...
পৃষ্ঠা... ২ ...কলাম... ৫

দৈনিক সংবাদ

# কলেজ ছাত্রীকে লাঞ্ছিত করার অভিযোগে ৪জন কনষ্টেবল সাসপেণ্ড

খুলনা, ৩০শে আগষ্ট (জেলা বার্তা পরিবেশক)।—খুলনা ল' কলেজের ছাত্রী হাবিবা খানম ওরফে চান্দাকে (২৫) লাঞ্ছিত করার অভিযোগে খুলনা মেট্রোপলিটন পুলিশের ৪জন কনষ্টেবলকে সাসপেণ্ড করা হয়েছে।

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## কলেজ ছাত্রী লাঞ্ছিত

(১ম পাতার পর)

তাদের নাম হচ্ছে মোখলেস, জাহিদ, উত্তম ও ফিরোজ।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় খুলনা মহানগরীর আপার যশোর রোডস্থ সোনালী ব্যাংকের প্রিন্সপাল অফিস ভবনের গেটে প্রহরারত কয়েকজন পুলিশ কনষ্টেবল হাবিবাকে মারধর করে। সে এ সময় পার্শ্ববর্তী বাজার পোষ্ট অফিসে চিঠি পোষ্ট করার জন্য হেটে যাচ্ছিল। তখন একজন পুলিশ তাকে লক্ষ্য করে অশালীন উক্তি করে। হাবিবা এর প্রতিবাদ করলে পুলিশ কনষ্টেবলরা ক্ষিপ্ত হয়ে তাকে জোরপূর্বক ব্যাংক চত্বরে নিয়ে যায় এবং গেট বন্ধ করে দেয়। কথা কাটাকাটির এক পর্যায়ে তারা হাবিবাকে কিলঘুষি মারতে থাকে। এতে তার মুখ দিয়ে রক্তবেরিয়ে যায়। হাবিবার চিৎকারে কয়েক জন পথচারী উপস্থিত হয়ে তাকে উদ্ধার করে ও বাড়ী পৌছে দেয়।

ঘটনার প্রতিবাদে খুলনা আইন মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা শহরে বিক্ষোভ মিছিল বের করে। মিছিলশেষে স্থানীয় প্রেসক্লাবের সামনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। এছাড়া, ছাত্র ইউনিয়ন এবং যুব ইউনিয়নের পক্ষ থেকে ঘটনার নিন্দা প্রকাশ করে পুলিশ কনষ্টেবলদের শাস্তি দাবী করা হয়।